



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৪ জুন ২০১৭ খ্রি.

৩নং পাঁচলাইশ ওয়ার্ড এর বিভিন্ন এলাকা পরিদর্শন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ২৪ জুন ২০১৭ খ্রি. শনিবার, সকাল থেকে বেলা ১ টা পর্যন্ত নগরীর ৩ নং পাঁচলাইশ ওয়ার্ডের নালা,খাল ও রাস্তার বর্তমান অবস্থা সরেজমিনে পায়ে হেঁটে পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি অত্র এলাকায় জলাবদ্ধতার বিষয়ে স্থানীয় জনসাধারণের সাথে কথা বলেন। পরিদর্শনকালে মেয়র হাটহাজারী সীমানায় বামনশাহী খালে দেয়া বাঁধ অপসারণের বিষয়ে সংশ্লিষ্ট এলাকাবাসীর সাথে আলাপ করার দায়িত্বদেয় স্থানীয় কাউন্সিলর জনাব কফিল উদ্দিন খানকে। এছাড়াও বামনশাহী খালে মাটি ও আবর্জনা অপসারণ করে পানি চলাচলের পথ সুগম করার জন্য চসিক এর প্রকৌশল বিভাগকে নির্দেশ দেন। এছাড়াও মেয়র অত্র ওয়ার্ডের উন্নয়নকাজ ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশ দেন। তিনি বলেন, রাস্তা ও নালা নির্মাণের ক্ষেত্রে কোন ধরনের প্রতিবন্ধকতা কোন মহল থেকে সৃষ্টি করার প্রয়াস চালালে তাদের প্রতিবন্ধকতা অতিক্রম করে জনস্বার্থে উন্নয়নকাজ অব্যাহত রাখতে হবে। পরিদর্শনকালে মেয়র পাঁচলাইশ ওয়ার্ডের জলাবদ্ধতার কারন সমূহ চিহ্নিত করে সেসকল প্রতিবন্ধকতাগুলো দ্রুত অপসারণ করার জন্য কাউন্সিলর এবং চসিক প্রকৌশল বিভাগকে দিক নির্দেশনা প্রদান করেন। এসময় ৩ নং ওয়ার্ড কাউন্সিলর কফিল উদ্দিন খান, চসিক প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, নির্বাহী প্রকৌশলী এস এম আইয়ুব, সুদিব বসাক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, আওয়ামীলীগ নেতা মোহাম্মদ ইসা সহ স্থানীয় আওয়ামীলীগ এর অঙ্গ সহযোগী সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৪ জুন ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ইতিহাসে এবারই

টর্গেডোর আঘাতে ক্ষতিগ্রস্ত ৬৩৬ পরিবারের মাঝে ৩১ লক্ষ ৮০ হাজার টাকা অনুদান দিলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

গত ১২ জুন ২০১৭ খ্রি. নগরীর ১১ ও ২৬ নং ওয়ার্ডে টর্গেডোর আঘাতে ক্ষতিগ্রস্ত ৬৩৬ পরিবার এর মাঝে আজ ২৪ জুন ২০১৭ খ্রি. শনিবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ইতিহাসে এবারই প্রথম ৩১ লক্ষ ৮০ হাজার টাকা অনুদান প্রদান করল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি ১১ নং ওয়ার্ড কার্যালয়ে ক্ষতিগ্রস্ত ৩৮৩ পরিবার এবং গলাচিপা পাড়ায় ২৬ নং ওয়ার্ডের ক্ষতিগ্রস্ত ২৫৩ পরিবার এর মাঝে প্রতি পরিবারকে ৫ হাজার টাকা করে অনুদানের স্বহস্তে বিতরণ করেন। এসময় ক্ষতিগ্রস্তদের উদ্দেশ্যে মেয়র বলেন, ইতোপূর্বে চট্টগ্রাম সিটি কর্পোরেশন দুর্যোগকালীন সময়ে ক্ষতিগ্রস্তদের পরিবার প্রতি মাত্র ৫শত টাকা অনুদান দেয়ার বিধান ছিল, আমি দায়িত্ব গ্রহণ করার পর অনুদানের পরিমাণ পরিবার প্রতি ২ হাজার টাকায় উন্নিত করেছি। মোরার আঘাতে ক্ষতিগ্রস্তদেরও এ ধরনের অনুদান দেয়া হবে। মেয়র বলেন, টর্গেডোর ক্ষতিপূরণ করার ক্ষমতা আমাদের নেই সহানুভূতির অংশ হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আপনাদের পাশে দাড়িয়েছে। অনুদানের এই সামান্য টাকা হয়ত ক্ষতি পূরণ হবে না, তবুও সেবার স্বার্থে মানবিক কারনে আপনাদের বিপদের সময় পাশে দাড়ানোর এই প্রয়াস। এসময় ১১ নং ওয়ার্ড কাউন্সিল মোরশেদ আকতার চৌধুরী, ২৬ নং ওয়ার্ড কাউন্সিলর আবুল হাশেম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিনা খানম, সাবেক প্যানেল মেয়র ও মহানগর আওয়ামীলীগ এর গ্রান ও সমাজকল্যান বিষয়ক সম্পাদক মোহাম্মদ হোসেন, ২৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সাবেক আহমদ, আওয়ামীলীগ নেতা সুমন দেবনাথ, সুজিত দাশ, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য রেজাউল আলম রনি সহ

স্থানীয় আওয়ামীলীগ, আওয়ামীযুবলীগ, শ্রমিকলীগ, মহিলা আওয়ামীলীগ ও ছাত্রলীগের নেতৃত্ব উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৪ জুন ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চালক ঐক্য পরিষদ এর ইফতার মাহফিলে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত চালকদের সংগঠন চসিক চালক ঐক্য পরিষদ এর ইফতার মাহফিল গত ২৩ জুন ২০১৭ খ্রি. শুক্রবার, দামপাড়ায় অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। অন্যদের মধ্যে ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, পুল কর্মকর্তা সুদিব বসাক, সিবিএ এর সাধারণ সম্পাদক মো. মোরশেদ আলম চৌধুরী বক্তব্য রাখেন। সংগঠনের সভাপতি মো. হেদায়েত উল্লাহ ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন। ইফতারে চালক ঐক্য পরিষদ এর নেতৃত্ব সহ চালকগণ শরিক হোন। ইফতার মাহফিলের প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চসিক এ কর্মরত সকলকে সততা ও নির্ণায় সাথে স্ব স্ব দায়িত্ব পালন করতে হবে। সিটি কর্পোরেশনের সুনাম অক্ষুণ্ন রাখতে সকলকে সচেতন হতে হবে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা